

এক নজরে দোহার পৌরসভা

দোহার পৌরসভা প্রতিষ্ঠার পর হতে এ পর্যন্ত আংশিক কর্তন-সংযোজন সাপেক্ষে দোহার পৌরসভার বর্তমান আয়তন ১৬.১৬ বর্গ কি.মি, ওয়ার্ড সংখ্যা ০৯, হোল্ডিং সংখ্যা ১১,৮৫৭ টি এবং বর্তমান জনসংখ্যা ৫৫,৫২৫ জন। (সংস্করণ ২৯/০৫/২০২৪ইং)

দোহার পৌরসভা প্রতিষ্ঠালাভের প্রায় ৩ বছরের মধ্যেই (২৭/১২/২০০৩) দ্বিতীয় শ্রেণীতে এবং ১০ বছরের মধ্যে (০৫/০১/২০১০) প্রথম শ্রেণীতে উন্নীত হয়েছে। প্রতিষ্ঠালগ্ন হতে ২০০৫ সন পর্যন্ত পুরাতন ভবনে পৌরসভার কার্যক্রম পরিচালিত হয়। পরবর্তীতে পৌরসভার নিজস্ব রাজস্ব আয় থেকে ০১ (এক) একর জমি অধিগ্রহণ পূর্বক পৌরসভা কার্যালয়টি বর্তমান স্থানে স্থানান্তরিত হয়। বর্তমানে পৌরসভার ত্রিতলা বিশিষ্ট ভবন হতে দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হচ্ছে।

দোহার পৌরসভার উন্নয়নমূলক কাজের গুণগত মান নিশ্চিতকল্পে পৌরসভার রয়েছে নিজস্ব কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরী। এছাড়া কর্মকর্তা বৃন্দেও আবাসন ব্যবস্থা নিশ্চিতকল্পে পৌরসভার রয়েছে নিজস্ব ত্রিতল বিশিষ্ট আবাসিক ভবন।

দোহার পৌরসভা প্রতিবছরই তার নিজস্ব রাজস্ব আয়ের অর্থ দিয়ে প্রতি ওয়ার্ডে গড়ে ১০ লক্ষ টাকার এবং সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উন্নয়ন সহায়তা তহবিলের অর্থ দিয়ে প্রতি ওয়ার্ডে গড়ে ১০ লক্ষ টাকার রাস্তা পাকাকরণ বা সেমিপাকা/কাঁচা রাস্তা নির্মাণ, ড্রেনেজ, কালভার্ট, পুকুরঘাট, কবরস্থান, স্কুলমাঠ, পাবলিক টয়লেট, লাইটিং, গভীর নলকূপ স্থাপনসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে থাকে। বর্তমানেও বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।

বর্তমানে দোহার পৌরসভায় Ward Bank – এর আওতায় LGCRRP প্রকল্পের কাজ চলমান আছে। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে “২৯টি পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রকল্প” শীর্ষক প্রকল্পের মাধ্যমে ৭৫(পঁচাত্তর) কোটি টাকা প্রকল্পের কাজ আগামী ২০২৪-২০২৫ অর্থবছরে বাস্তবায়নের জন্য প্রকল্প তৈরির কাজ চলমান আছে। উল্লেখ্য যে পৌরএলাকায় স্যানিটেশন কার্যক্রমের অগ্রগতি অত্যন্ত সন্তোষজনক। ইতিমধ্যে সরকারী নীতিমালার আলোকে একশত ভাগ স্যানিটেশন নিশ্চিত হয়েছে। বর্জ্য ব্যবস্থাপনার অংশ হিসেবে পরিচ্ছন্নতার কাজ চলমান রয়েছে এবং সীমিত সংখ্যক ডাস্টবিন স্থাপন করা হয়েছে।

পৌরসভার উন্নয়নমূলক এবং সেবামূলক কার্যক্রমের সাথে নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে পৌর এলাকায় ০৯ টি ওয়ার্ড ০৯ টি WC (Ward Committee) পৌরসভায় TLCC (Town Level Co-ordination Committee), ওয়ার্ড ভিত্তিক Tax Campaign (ট্যাক্স মেলা), ওয়ার্ড ভিত্তিক বাজেট মিটিং, নাগরিক সনদ প্রকাশসহ বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে।

এ ছাড়া পৌরকর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি এবং জনগনের অংশ গ্রহন নিশ্চিত করণের লক্ষ্যে ২০১১-২০১২ অর্থ বছর হতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক MSU (Municipal Support Unit)- এর মাধ্যমে ক্যাপাসিটি বিল্ডিং কাজ চলমান রয়েছে। এই কর্মসূচীর আওতায় বর্তমানে ট্যাক্স এবং ট্রেড লাইসেন্স এ সম্পূর্ণ কম্পিউটারাইজড বিলিং সিস্টেম চালু আছে। পাশাপাশি ব্যাংকের মাধ্যমে ট্যাক্স এবং ট্রেড লাইসেন্স এর বিল পরিশোধ করার ব্যবস্থা করা হয়েছে। বিভিন্ন সময়ে এই প্রকল্পের অধীনে পৌর মেয়র/ কাউন্সিলর/কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা হয়েছে। যার ফলে পৌরসভার নাগরিক সেবা প্রদান যেমন সহজ হয়েছে পাশাপাশি রাজস্ব আয় অনেকাংশে বৃদ্ধি পেয়েছে।

উল্লেখ্য দোহার পৌরসভা জিওবি-আইডিবি এর অর্থায়নে “ বাংলাদেশের ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ” শীর্ষক প্রকল্পে অর্ন্তভুক্ত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় দোহার পৌরসভায় গ্রাউন্ড ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টসহ পাইপ ওয়াটার সাপ্লাই সিস্টেম এবং সালোজ ট্রিটমেন্ট প্লান্টসহ সহ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম চলমান।

এছাড়া প্রকল্প সহায়তায় অথবা নিজস্ব অর্থায়নে ভবিষ্যতে পৌর এলাকায় বাস টার্মিনাল, শিশু পার্ক এবং কমিউনিটি সেন্টার নির্মাণের পরিকল্পনা রয়েছে।

দোহার পৌর এলাকায় তেমন কোন উল্লেখ যোগ্য উৎপাদনমুখী শিল্পকারখানা না থাকায় এবং অনেক এলাকা গ্রামীণ অর্থ ভিত্তিক হওয়ায় অত্র পৌরসভার রাজস্ব আয় তুলনামূলক কম।

তথাপি পৌরসভার সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে পৌর এলাকার সুস্বয় উন্নয়ন এবং পৌরবাসীর নাগরিক সুযোগ-সুবিধা প্রদানের জন্য পৌর কর্মকর্তা/ কর্মচারীসহ পৌর পরিষদ নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে স্মার্ট পৌরসভা বিনির্মাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

ধন্যবাদান্তে

মেয়র

দোহার পৌরসভা, ঢাকা।